

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমণ্ডলীর
পক্ষ থেকে নিম্নলিখিত বিবৃতি দেয়া হয়েছে :

তারিখ- ১-১১-২০১৮

আজ ১০,৩২৩ এর মামলায় শীর্ষ আদালতের বার্ষিক শিক্ককর্মের
সাময়িক স্বস্তি বিলেও তাতে সমস্যার স্থায়ী সমাধান হয়নি।

এই শিক্ষকরা স্থায়ীপদে নিযুক্ত হয়েছিলেন এবং চাকরির নির্দিষ্ট সময়
পার হওয়ার পর থেকে নিয়মিত আর্থিক ও চাকরিগত সব সুবিধা ভোগ করে
আসছিলেন। রাজনৈতিক উদ্দেশ্যে অজু করা একটি মামলায় বিচারালয়ের সিদ্ধান্তে
তাদের চাকরিত্যাগ ঘটে এবং পরে শীর্ষ আদালতের রায়েই তাদের অ্যাডহক শিক্ষক
হিসেবে নিযুক্তি দেওয়া হয় এবং একাধিকবার তাদের কাজের মেয়াদ বাড়ানো হয়।
এর ফলে এই শিক্ষকদের যে যন্ত্রণা, বঞ্চনা ও সামাজিক অমর্যাদার সম্মুখীন হতে হয়,
তা থেকে তাঁরা মুক্তি পেতে চেয়েছিলেন। শীর্ষ আদালতের আজকের রায়ে তা
অপূর্ণি থেকে গেছে।

রাজ্যের শিক্ষক বঞ্চার কারণে পূর্বতম বামফ্রন্ট সরকার শিক্ষক
নিয়োগের যোগ্যতা এককালীন ছাড় দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট আবেদন
জানিয়েছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার তাতে কোনও ইতিবাচক সাড়া দেয়নি।

সি পি আই (এম) এই ক্ষতিগ্রস্ত শিক্ষকদের স্বপ্নে পুনর্ব্যবস্থার
পুনরায় দাবি জানাচ্ছে। অ্যাডহক থাকাকালীন তাঁদের ক্ষেত্রেও যাতে সমকাজে
সমবেতনের নীতি কার্যকর করা হয়, নিয়মিত ও অ্যাডহক শিক্ষকের মধ্যে যাতে
কোনও বৈষম্য না থাকে তা রাজ্য সরকারকে নিশ্চিত করতে হবে।

সি পি আই (এম) রাজ্য সম্পাদকমণ্ডলী শিক্ষক নিয়োগের ক্ষেত্রে
এককালীন যোগ্যতা ছাড়ের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট পুনরায় দাবি জানাচ্ছে।

সি পি আই (এম)
সি পি আই (এম)
রাজ্য বস্তুরের পক্ষে

প্রতি
বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি

, অখবরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।